

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৫৩১ ২৩/ বাণিজ্য ও উপার্জন পরিচ্ছেদঃ কৃতজ্ঞ ধনীর মাহাত্ম্য

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ فُقَراءَ المُهَاجِرِينَ أَتَوْا رَسُوْلَ اللهِ عَلَيْ فَقَالُوا : ذَهَبَ أَهْلُ الدُّثُورِ بِالدَّرَجَاتِ العُلَى وَالنَّعِيمِ المُقِيمِ فَقَالَ وَمَا ذَاكَ فَقَالُوا : يُصلُّونَ كَمَا نُصلِّي وَيَصلُومُونَ كَمَا نَصدُومُ وَيَتَصدَّقُونَ وَلاَ نَعْتِقُونَ وَلاَ نَعْتِقُ فَقَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ أَفَلا أُعَلِّمُكُمْ شَيْئًا تُدْرِكُونَ بِهِ مَنْ سَبَقَكُمْ وَتَسْبِقُونَ بِهِ مَنْ بَعْدَكُمْ وَلاَ يَكُونُ أَحَدٌ أَفْضلَ مِنْكُمْ إِلاَّ مَنْ شَيْئًا تُدْرِكُونَ بِهِ مَنْ سَبَقَكُمْ وَتَسْبِقُونَ بِهِ مَنْ بَعْدَكُمْ وَلاَ يَكُونُ أَحَدٌ أَفْضلَ مِنْكُمْ إِلاَّ مَنْ صَنَعْ مِثْلَ مَا صَنَعْتُمْ ؟ قَالُوا : بَلَى يَا رَسُوْلَ اللهِ قَالَ تُسَبِّحُونَ وَتُكبِّرُونَ وَتَحْمِدُونَ دُبُرَ صَلاَةٍ ثَلاثاً وَتُلاثِينَ مَرَّةً فَرَجَعَ فُقَرَاء المُهَاجِرِينَ إِلَى رَسُولِ اللهِ عَلَيْ فَقَالُوا: سَمِعَ كُلِّ صَلاَةٍ ثَلاثاً وَثَلاثِينَ مَرَّةً فَرَجَعَ فُقَرَاء المُهَاجِرِينَ إِلَى رَسُولِ اللهِ عَلَى اللهِ يُولِي فَقَالُوا: سَمِعَ إِخْوَانُنَا أَهِلُ الأَمْوالِ بِمَا فَعَلْنَا فَفَعَلُوا مِثلَهُ ؟ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ ذَلِكَ فَصْلُ اللهِ يُؤْتِيهِ مَنْ يَشَاءُ متفقٌ عَلَيْهِ وَهَذَا لفظ رواية مسلم

বাংলা

(২৫৩১) আবৃ হুরাইরাহ (রাঃ) থেকে বর্ণিত, একদা গরীব মুহাজির (সাহাবাগণ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, 'হে আল্লাহর রসূল! ধনীরাই তো উঁচু উঁচু মর্যাদা ও চিরস্থায়ী সম্পদের অধিকারী হয়ে গেল।' তিনি বললেন, ''তা কিভাবে?'' তাঁরা বললেন, 'তারা নামায পড়ছে যেমন আমরা নামায পড়ছি, তারা রোযা রাখছে যেমন আমরা রাখছি। কিন্তু তারা সাদকাহ করছে, আর আমরা করতে পারছি না। তারা দাস মুক্ত করছে, আর আমরা পারছি না।' এ কথা শুনে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি কি তোমাদেরকে এমন জিনিস শিথিয়ে দেব না, যার দ্বারা তোমরা তোমাদের অগ্রবর্তীদের মর্যাদা লাভ করবে, তোমাদের পরবর্তীদের থেকে অগ্রবর্তী থাকবে এবং তোমাদের মত কাজ যে করবে, সে ছাড়া অন্য কেউ তোমাদের চাইতে শ্রেষ্ঠতর হতে পারবে না? তাঁরা বললেন, 'অবশ্যই হে আল্লাহর রসূল! (আমাদেরকে তা শিথিয়ে দিন।)' তিনি বললেন, ''প্রত্যেক (ফরয) নামাযের পরে ৩৩ বার ক'রে 'সুবহানাল্লাহ', 'আল্লাহু আকবার' ও 'আলহামদু লিল্লাহ' বলবে।'' অতঃপর গরীব মুহাজিরগণ পুনরায় আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললেন, 'আমরা যে আমল করছি, সে আমল আমাদের ধনী ভাইয়েরা শোনার পর তারাও আমল শুক্ত ক'রে দিয়েছে? (এখন তো তারা আবার আমাদের চেয়ে অগ্রবর্তী হয়ে যাবে।)' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, এ হল আল্লাহর অনুগ্রহ; তিনি যাকে ইচছা তা দান করেন।



ফুটনোট

(বুখারী ৮৪৩, ৬৩২৯, মুসলিম ১৩৭৫-১৩৭৬, ২৩৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন